

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০২.৮১.০৮১.২০১৪- ৭৮ ৬

তারিখঃ ০৫/০৭/২০১৭

বিষয় : রাজস্ব তহবিলের অর্থায়নে দেবিদ্বার উপজেলা পরিষদের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।


সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা এর স্মারক নং-৬২০; তারিখ : ০১/০৬/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ পাওয়া যায়ঃ

ক্রমিক নং	উপজেলার নাম	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য (টাকায়)
১।	দেবিদ্বার	নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও হলরুম এ ০৩ ফেজ ৪০.৫০ কিঃওঃ লোডে বিদ্যুৎ সংযোগ	৩,২৩,৯৬৬/-
২।		নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নিরাপত্তার জন্য নীচতলায় গ্রীল ও কলাপসিবল গেট নির্মাণ	৪,৩০,৩২৫/-
৩।		নতুন মাস্টার প্লান অনুসারে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ সড়কসমূহ নির্মাণ	২৮,২১,৩০৭/-
৪।		উপজেলা পরিষদের মূল গেইট/ফটক নির্মাণ	১,০১,৯৮১/-

০২। প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে ১নং ও ২নং ক্রমিকে বর্ণিত প্রকল্পসমূহ প্রাক্কলিত মূল্যে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

০৩। ৩নং ক্রমিকে বর্ণিত উপজেলা পরিষদের অভ্যন্তরীণ সড়ক নির্মাণের প্রাক্কলিত ব্যয় অধিক মনে হওয়ায় এ ব্যয় সর্বোচ্চ ৭-৮ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রস্তাব প্রেরণ এবং ৪নং ক্রমিকে বর্ণিত উপজেলা পরিষদের মূল গেইট নির্মাণে এলজিইডি কর্তৃক প্রণীত এ বিভাগ কর্তৃক অনুমোদিত প্রাক্কলিত মূল্য ১৭,১৩,২৫১/-টাকায় এক ও অভিন্ন ডিজাইন প্লান মোতাবেক প্রস্তাব পুনঃ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার) ০৭/০৭/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

দেবিদ্বার, কুমিল্লা।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা।
২. ভাইস-চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।